

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

[বোর্ড প্রশাসন-৩ (যানবাহন) শাখা]

স্মারক নং-০৮.০১.০০০০.০০৩.৩৬.০৩৭.২১/৪৮৪

তারিখ: ১৮/১২/২০২২ খ্রি।


অকেজো ঘোষিত যানবাহনের নিলাম বিজ্ঞপ্তি

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর নিম্নবর্ণিত অকেজো ঘোষিত ০৪ (চার) টি যানবাহন নিলামে বিক্রয়ের নিমিত্ত (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সিলমোহরকৃত আবদ্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	অকেজো ঘোষিত যানবাহনের সংক্ষিপ্ত বিবরণ	যানবাহনের ধরন	বর্তমান অবস্থান
১.	ঢাকা মেট্রো-খ-১১-৯০৯১, ১২৯৫ সিসি, নিশান ২০০১	কার	রাজস্ব ভবন প্রাঙ্গণ, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২.	ঢাকা মেট্রো-খ-১১-৯০৯২, ১২৯৫ সিসি, নিশান ২০০১	কার	
৩.	ঢাকা মেট্রো-চ-৫১-৫৮১২, ২৪০০ সিসি, নিশান ২০০৫	মাইক্রোবাস	
৪.	ঢাকা মেট্রো-এ-০৭-৪২৭৫, ৮০ সিসি, হোল্ডা ১৯৯৪	মোটরসাইকেল	

শর্তাবলি :

১. দরপত্র সিডিউলের মূল্য : ৩০০/- (তিনশত) টাকা মাত্র (অফেরতযোগ্য) মূল্যে '১-১১০৩-০০০০-২৬৮১' কোডে যেকোন তফসিলি ব্যাংকে জমা দিয়ে চালানের মূল কপি দাখিল করে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।
২. দরপত্র সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ, সময় ও স্থান : ১৬/০১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), অফিস কক্ষ নং-৪০১ (৪র্থ তলা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা হতে দরপত্র সিডিউল সংগ্রহ করা যাবে।
৩. দরপত্র দাখিলের শেষ তারিখ, সময় ও স্থান : ১৮/০১/২০২৩ খ্রি. দুপুর ১২.০০ টা পর্যন্ত; দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), অফিস কক্ষ নং-৪০১ (৪র্থ তলা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৪. দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান : ১৮/০১/২০২৩ খ্রি. দুপুর ১২.৩০ টা; দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), অফিস কক্ষ নং-৪০১ (৪র্থ তলা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫. দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ৫% জামানত (ফেরতযোগ্য) দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর অনুকূলে বাংলাদেশের যেকোন তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংক হতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি দরপত্রের সাথে জমা দিতে হবে।
৬. এক বা একাধিক যানবাহন ক্রয়ের জন্য দরপত্র সিডিউল ক্রয় ও দাখিল করা যাবে।
৭. নিলামে অংশগ্রহণকারীদের জন্য জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা এর রাজস্ব ভবন প্রাঙ্গণে রক্ষিত গাড়িসমূহ ২২/১২/২০২২ খ্রি. তারিখ হতে দেখানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
৮. দরপত্র সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাবলি দরপত্র সিডিউলে বর্ণিত আছে।
৯. খামের উপর 'অকেজো ঘোষিত গাড়ির নিলাম ক্রয় দরপত্র' কথাটি লিখতে হবে।
১০. কোন রকম দায় দায়িত্ব গ্রহণ অথবা কারণ প্রদর্শন ছাড়াই কর্তৃপক্ষ যেকোন অথবা সকল দরপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করে।


(মোঃ সাইফুর রহমান রাসেল)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩)